

বৈশিষ্ট্যবোধী সার্ভ

এইচ এস সি'র ফল

প্রকাশ করুন

264

১৯৮৮ সালে অনুষ্ঠিত এইচ এস সি পরীক্ষার ফল প্রকাশ করা হইয়াছে। মার্ক শীটও প্রত্যেক কলেজে পাঠানো হইয়াছে। কিন্তু দুঃখের বিষয় যাহাদের ফলাফল স্বগিত ঘোষণা করা হইয়াছিল তাহাদের ফলাফল আজ অবধি প্রকাশ করা হয় নাই। মেডিক্যাল কলেজগুলির ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হইয়াছে এবং বিশ্ববিদ্যালয়গুলির ভর্তি পরীক্ষার তারিখ হয়তো কিছু দিনের মধ্যেই ঘোষণা করা হইবে। যাহাদের যোগ্যতা থাকিবে তাহারা অবশ্যই চাহিবে মেডিক্যাল কিংবা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দিতে। যাদের মেধা থাকে তারা হয়তো ভর্তির সুযোগ পেয়ে যাইতে পারে। কিন্তু যাহাদের ফলাফল স্বগিত রাখা হইয়াছে তাহাদের যোগ্যতা আছে কি নাই তাহা নির্ধারিত হইবে কিম্বা ভিত্তিতে? যে ছেলেরা এই স্বগিত ফলাফলে অকৃতকার্য হইবে তাহাদের আগামী বৎসর পরীক্ষা দেওয়ার জন্যেও পড়াশুনা করিতে হইবে। আর এখন থেকেই তা করা প্রয়োজন। তাই বোর্ড কর্তৃক পক্ষের নিকট আকুল আবেদন আর সময় নষ্ট না করিয়া অবিলম্বে স্বগিত রেজাল্ট প্রকাশ করিয়া সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের অনিশ্চয়তা থেকে রেহাই দিন।

বাবুল ভালুকদার (বাবু)
নিউটাউন, নেত্রকোনা-২৪০০।